

## Part - II

তৃতীয় পত্র — ২০১৩

পূর্ণমান — ১০০

১। ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ছোটগল্প ও উপন্যাসের পার্থক্যগুলি দেখাও। ৭+৭

অথবা, যেকোনো দু'টি বিষয় সম্পর্কে আলোচনা কর : ৭×২

(ক) সামাজিক উপন্যাস (খ) রাজনৈতিক উপন্যাস (গ) ঐতিহাসিক উপন্যাস  
(ঘ) আঞ্চলিক উপন্যাস।

২। (ক) চন্দ্রশেখরের সঙ্গে দাম্পত্যজীবনে শৈবলিনীর সুখী না হওয়ার কারণ কী? এর পরিণাম কী হয়েছিল? প্রসঙ্গত শৈবলিনীর মনের জটিলতা বিশ্লেষণ করো। ৩+৪+৭

অথবা, বন্ধিমের ঘটনা সমাবেশ কৌশলের চরম নৈপুণ্য শৈবলিনী কাহিনীর সহিত দলনী উপাখ্যানের গ্রন্থনে।—আলোচনা করো। ১৪

৩। (ক) 'ভবিতব্য কে খণ্ডাইতে পারে? যাহা ঘটিবার তাহা অবশ্যই ঘটিবে।' বক্তা কে? ভবিতব্য বলতে কী বোঝানো হয়েছে? ১+৩

অথবা, (খ) 'এক বাঁটায় আমরা দুইটি ফুল, এক বনমধ্যে ফুটিয়াছিলাম—  
ছিঁড়িয়া পৃথক করিয়াছিলেন কেন?'—উক্তিটি কার? কার উদ্দেশ্যে বক্তার এই উক্তি?  
উক্তিটির তাৎপর্য নিরূপণ কর। ১+১+২

৪। (ক) শ্রীকান্ত দার্শনিক নয়, দর্শকমাত্র। জীবনের বিচিত্র রসের আনন্দনে তার আনন্দ। 'শ্রীকান্ত (প্রথব পর্ব)' অবলম্বনে শ্রীকান্ত চরিত্র বিশ্লেষণ করে এই উক্তির সত্যতা বিচার কর। ১৪

অথবা, (খ) অন্নদাদিদি চরিত্রটি কোনো ব্যক্তি-চরিত্রের উদাহরণ নয়, সনাতন ভারতবর্ষের পতিব্রতা এবং স্নেহময়ী নারী সত্তার প্রতিনিধি।— উক্তিটির আলোকে অন্নদাদিদি চরিত্রটি বিশ্লেষণ করো। ১৪

৫। (ক) "মরতে একদিন ত হবেই ভাই।" কার উক্তি? এই উক্তিতে বক্তার চরিত্রের কোন্ বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে দেখাও। ১+৩

অথবা, (খ) "আমরা দর্জি পাড়ার ছেলে, যমকেও ভয় করিনে তা জানিসু?" দর্জি পাড়ার ছেলোটিকে কে? তার সাহসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৩

৬। (ক) 'শেষের কবিতা' উপন্যাসে অমিত চরিত্রটি নিতান্ত খাপছাড়া বলেই তা উপভোগ্য।— উক্তিটির আলোকে অমিত চরিত্রটি বিশ্লেষণ কর। ১৪

অথবা, (খ) 'শেষের কবিতা' উপন্যাসের নামকরণের যাথার্থ্য নিরূপণ কর।

৭। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “তোমাদের মিলন অক্ষয় হোক।” কে বলেছেন? কাদের বলেছেন? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ১+১+৩

(খ) “সমস্ত শিলঙ পাহাড়ের শ্রী চলে গেছে।” প্রসঙ্গ উল্লেখপূর্বক ব্যাখ্যা কর। ৫

(গ) “ঠিক নামটি হয়েছে, মিতালি।”—বক্তা কে? নামকরণটি কে, কার জন্য করলেন? প্রসঙ্গটি সূত্রাকারে আলোচনা কর। ১+২+২

(ঘ) “এনামেল করা মুখের উপর দিয়ে দর্ দর্ করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।”—মুখটি কার? প্রসঙ্গ উল্লেখপূর্বক অংশটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৪

৮। (ক) আঞ্চলিক উপন্যাস হিসাবে ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসের সার্থকতা বিচার কর। ১৫

(খ) ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসের প্রকৃত নায়ক কে?—যুক্তিসহ বিচার কর। ১৫

৯। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “গোটা কাহারপাড়ার আবাল-বৃদ্ধ-বনিতা স্তম্ভিত এবং স্তব্ধ হয়ে গেল করালীর কথা শুনে...।” করালী কী বলেছিল? এতে সকলের স্তম্ভিত হওয়ার কারণ কী ব্যাখ্যা কর। ২+৩

(খ) “কোপাই নদী ঠিক যেন কাহার কন্যে।”—প্রসঙ্গ উল্লেখপূর্বক অংশটির অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট কর। ১+৪

(গ) “ওর এত বড় বাড়—আমার গায়ে ব্যাঙ দেয়—” কার প্রতি কার উক্তি? এ অভিযোগের উত্তরে কে কী প্রতিবিধানের ব্যবস্থার কথা বলেছিল? ১+১+১+২

(ঘ) “উপকথার কোপাইকে ইতিহাসের গঙ্গায় মিশিয়ে দেবার পথ কাটছে।” কে পথ কাটছে? কেন সে এমন করছে তা বুঝিয়ে লেখো। ১+৪

চতুর্থ পত্র — ২০১৩

পূর্ণমান—১০০

১। (ক) ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা কর। এই বৈশিষ্ট্যের আলোকে একটি বাংলা ট্রাজেডি নাটক বিশ্লেষণ কর। ২+৫+৮

অথবা, (খ) যে কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭½+৭½

(অ) ঐতিহাসিক নাটক (আ) পৌরাণিক নাটক (ই) অ্যাবসার্ড নাটক (ঈ) একাঙ্ক নাটক।